গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮-৪১৮

তারিখ: ২৯ কার্তিক ১৪২৬
১৪ নভেম্বর ২০১৯

বিষয়: **দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা, ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র ২য় সভার কার্যবিবরণী সংক্রান্ত।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৫২০, তারিখ ৩০ অক্টোবর ২০১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রোস্থ দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা, ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র ২য় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। প্রেরিত কার্যবিবরণীতে বর্ণিত এ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

১৪-১১-২০১৯
মোঃ রাহেদ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪৬৫৬৩
ইমেইল: sas_s4@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.৩৪.০২৮.১৮-৪১৮/১(৩)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৬
১৪ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৪-১১-২০১৯
মোঃ রাহেদ হোসেন
উপসচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালকের দপ্তর
18 NOV 2019
সহকারী পরিচালক (সা: প্র:)

উপ-সচিব (প্রশাসন) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ডায়েরী নং ২৬৮৫ তারিখ ৩/১১/১৯
DS(C)
উপসচিব (প্রশাসন)
০৩/১১/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

**দ্বাদশ শ্রেণি পর্যন্ত দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বিজয় ফুল' তৈরি, গল্প ও কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা, ২০১৯ সংক্রান্ত সার্বিক সমন্বয় কমিটি'র ২য় সভার**

**কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মুজিবুর রহমান এনডিসি<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ |
| তারিখ ও সময় | : | ২৯ অক্টোবর ২০১৯, বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ কক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট - 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে বিজয় ফুল প্রতিযোগিতা, ২০১৯-এর সার্বিক সমন্বয় কমিটির ১ম সভা গত ১৬.১০.২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। তারই ধারাবাহিকতায় উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিত হওয়ার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। অতঃপর সদস্য-সচিব কর্তৃক সভায় কার্যপত্র উপস্থাপন করা হয়। সভাপতি কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকলের মতামত আহ্বান করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান ও অর্থ বরাদ্দ:**<br>সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে স্ব স্ব দপ্তরকে কর্মসূচির প্রদত্ত নির্দেশনার বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে প্রতিযোগিতার বিষয়ে অধীন দপ্তরসমূহকে অবহিত করা হয়েছে এবং স্বীকৃতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ বরাদ্দ শীঘ্রই প্রদান করা হবে। | প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ০২. | **কর্মসূচির ব্যাপক প্রচার:**<br>বিটিভি কর্তৃপক্ষ সভাকে অবহিত করেন যে বিজয় ফুল তৈরি প্রতিযোগিতার থিম সং, প্রমোশনাল ও ফুল তৈরির কৌশল বিটিভিতে নিয়মিত প্রচারিত হচ্ছে। তথ্য মন্ত্রণালয় কর্তৃক 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতার কর্মসূচি বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) বিজয় ফুল তৈরি প্রতিযোগিতার থিম সং, প্রমোশনাল ও ফুল তৈরির কৌশল বিটিভিতে নিয়মিত প্রচার অব্যাহত রাখতে হবে; এবং<br>(খ) প্রতিযোগিতার কর্মসূচি বিভিন্ন গণমাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। | তথ্য মন্ত্রণালয়/বিটিভি |

৬৪০
৩/১১

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ০৩. | **বিভাগীয়, জেলা ও উপজেলা কমিটিকে অর্থ বরাদ্দ ও প্রতিবেদন প্রাপ্তি:**<br>সভা অবহিত হয় যে উপজেলা, মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে যথাক্রমে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার-এর অনুকূলে ইতোমধ্যে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রতিটি পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার পর মাঠ পর্যায় থেকে প্রতিবেদন প্রাপ্তির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রতিটি পর্যায়ে প্রতিযোগিতা সমাপ্তির পর একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক |
| ০৪. | **জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নে অর্থ বরাদ্দ:**<br>কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে শীঘ্রই সভা আহ্বান করা হবে।<br>অর্থ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটির চাহিদা প্রাপ্তির পর দ্রুত অর্থ বরাদ্দ দেওয়া হবে। | জাতীয় পর্যায়ের কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ বরাদ্দের জন্য চাহিদা নির্ধারণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে। অর্থ বিভাগ সংশ্লিষ্ট কমিটির চাহিদা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | কর্মসূচি বাস্তবায়নে জাতীয় পর্যায়ের কমিটি/অর্থ বিভাগ |
| ০৫. | **ফুলবন্ধু ডিজিটাল প্লাটফর্ম তৈরি:**<br>সভা অবহিত হয় যে 'ফুলবন্ধু' ডিজিটাল প্লাটফর্মে কুইজ প্রতিযোগিতা আগামী ১৫ নভেম্বর-১৫ ডিসেম্বর ২০১৯ মেয়াদে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে এটুআই কর্তৃপক্ষের প্রচারণা অব্যাহত রয়েছে। | 'ফুলবন্ধু' ডিজিটাল অ্যাপের কুইজ প্রতিযোগিতার বিষয়ে শিক্ষক বাতায়নসহ অন্যান্য মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/এটুআই কর্তৃপক্ষ/বিটিভি |
| ০৬. | **ভিডিও কন্টেন্টের ব্যাপক প্রচারণা:**<br>সভা অবহিত হয় যে থিম সং ব্যবহার করে এটুআই কর্তৃক নির্মিত অডিও-ভিজুয়াল কনটেন্ট মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। উক্ত কনটেন্টসহ বিটিভি কর্তৃক নির্মিত প্রমোশনাল ও বিজয় ফুল তৈরির কৌশল সংক্রান্ত ভিডিও ব্যাপক প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভা আরও অবহিত হয় যে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে 'বিজয় ফুল' শীর্ষক দু'টি আলাদা মেনু তৈরি করা হয়েছে যাতে প্রতিযোগিতা সংক্রান্ত সকল তথ্য নিয়মিত সংযোজন করা হচ্ছে। | থিম সং ব্যবহার করে এটুআই কর্তৃক নির্মিত অডিও-ভিজুয়াল কনটেন্ট এবং বিটিভি কর্তৃক নির্মিত প্রতিযোগিতার প্রমোশনাল ও বিজয় ফুল তৈরির কৌশল সংক্রান্ত ভিডিও ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড এবং সরকারি ও বেসরকারি সকল টেলিভিশন ও রেডিও চ্যানেলে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য মন্ত্রণালয়/ এটুআই/বিটিভি/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার |

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৭. | **বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল, থিম সং ও প্রমোশনাল মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে প্রচার:** 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত ভিডিও ক্লিপ টেলিভিশন ছাড়াও মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণ সভাকে অবহিত করেন যে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসের সুবিধাদি রয়েছে সে সকল প্রতিষ্ঠানে প্রচারণা অব্যাহত রয়েছে। | 'বিজয় ফুল'-এর থিম সং দিয়ে তৈরি টিভিসি এবং বিজয় ফুল তৈরির প্রক্রিয়া/কৌশল সংক্রান্ত ভিডিও ক্লিপ মাল্টিমিডিয়া ক্লাস-এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার অব্যাহত রাখতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৮. | **প্রবাসে বাংলাদেশিদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিযোগিতার আয়োজন:** প্রবাসে স্থাপিত বাংলাদেশিদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'বিজয় ফুল' তৈরি প্রতিযোগিতার আয়োজন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রবাসে বাংলাদেশিদের জন্য পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ তাদের সুবিধা অনুযায়ী 'বিজয় ফুল' তৈরি ও অন্যান্য প্রতিযোগিতা আগামী ১৬ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| ০৯. | **২০১৮ সালের প্রতিযোগিতার ফলাফল পত্রিকায় প্রকাশ:** সভা অবহিত হয় যে ২০১৮ সালের বিজয় ফুল প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত চূড়ান্ত প্রতিযোগিতার ফলাফল এবং 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতার ফলাফলও পত্রিকায় প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | ২০১৮ সালের বিজয় ফুল প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত চূড়ান্ত প্রতিযোগিতার ফলাফল এবং 'ফুলবন্ধু' কুইজ প্রতিযোগিতার ফলাফলও পত্রিকায় দ্রুত প্রকাশ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/এটুআই |
| ১০. | **'বিজয় ফুল' শিরোনামে গ্রন্থ প্রকাশ:** তিনটি (ক, খ ও গ) গ্রুপের নির্বাচিত শ্রেষ্ঠ ৩টি রচনা, ৩০টি কবিতা ও ১৫টি গল্পের সমন্বয়ে 'বিজয় ফুল' শিরোনামে দু'টি (২০১৮ ও ২০১৯ সালের) গ্রন্থ প্রকাশের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | তিনটি (ক, খ ও গ) গ্রুপের নির্বাচিত শ্রেষ্ঠ ৩টি রচনা, ৩০টি কবিতা ও ১৫টি গল্পের সমন্বয়ে 'বিজয় ফুল' শিরোনামে দু'টি (২০১৮ ও ২০১৯ সালের) গ্রন্থ প্রকাশ করতে হবে। | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (ডিএফপি)/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ১১. | **বাছাইকৃত চলচ্চিত্র বিটিভি কর্তৃক প্রচার:** তথ্য মন্ত্রণালয় জাতীয় প্রতিযোগিতায় (২০১৮ ও ২০১৯ সাল) বাছাইকৃত চলচ্চিত্রসমূহ ০১-৩১ ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য টেলিভিশনে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয় জাতীয় প্রতিযোগিতায় (২০১৮ ও ২০১৯ সাল) বাছাইকৃত চলচ্চিত্রসমূহ ০১-৩১ ডিসেম্বর ২০১৯ মেয়াদে বিটিভিসহ অন্যান্য টেলিভিশনে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয়/বিটিভি/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

| ক্রমঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২. | **বিজয় ফুল-এর কোটপিন বুকে ধারণঃ** আগামী ১-১৫ ডিসেম্বর ২০১৯ 'বিজয় ফুল' উৎসবকালে বিজয় ফুল-এর কোটপিন বুকে ধারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্ষেত্রে স্থানীয়ভাবে প্রতিযোগিতা আয়োজনকারী কর্তৃপক্ষ এই কোটপিন তৈরি করে বিক্রির ব্যবস্থা করতে পারে। | আগামী ১-১৫ ডিসেম্বর ২০১৯ 'বিজয় ফুল' উৎসবকালে স্থানীয় উদ্যোগে বিজয় ফুল-এর কোটপিন তৈরি করে বুকে ধারণ করা যেতে পারে। | বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট কমিটি |

০২। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
৩০.১০.২০১৯
শেখ মুজিবুর রহমান এনডিসি
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৩৫.১২৪.১৮.৫২০

তারিখ: ১৪ কার্তিক ১৪২৬ / ৩০ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
২. মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/জননিরাপত্তা বিভাগ/পররাষ্ট্র মন্ত্রনালয়;
৪. সচিব, তথ্য মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/অর্থ বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;
৫. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/মাদ্রাসা শিক্ষা/প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
৬. বিভাগীয় কমিশনার (সকল);
৭. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ;
৮. যুগ্মসচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ;
৯. জেলা প্রশাসক (সকল);
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১১. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি;
১২. জনাব মনিরুজ্জামান, চারুশিল্পী, প্রাক্তন পরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;
১৩. জনাব খায়রুল আনাম শাকিল, বিশিষ্ট সংগীত শিল্পী;
১৪. জনাব মোঃ সিফাতুল ইসলাম, অ্যাটাচ্‌ড অফিসার, এটুআই; ও
১৫. মিজ্ পূরবী মতিন, কনসালট্যান্ট, এটুআই।

অনুলিপি:

০১. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০২. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ; ও
০৩. সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

৩০/১০/১৯

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ০২-৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০৩.১৫.১৭০৯

তারিখ : ১৬ অগ্রহায়ণ ১৪২৬ / ০১ ডিসেম্বর ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০২। জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৩। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক (সকল)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)

০৫। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
☏৯৫৬১২৫৪।
e-mail: addshesecondary1@gmail.com